রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ২৯, ২০২৫**

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৩.২৩.৬—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক **''হোটেল এন্ড রেস্টুরেন্ট''** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের **খসড়া সুপারিশ, ২০২৫** জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত **''হোটেল এন্ড রেস্টুরেন্ট''** শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



**মূল্য :** টাকা ১৬.০০

## ''হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প
## খসড়া সুপারিশ-২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ১৫-০১-২০২৪ তারিখের প্রজ্ঞাপন মূলে (নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩১.০০১.২০১৩.০৮, তারিখ: ১৫-০১-২০২৪ খ্রিষ্টাব্দ) নিম্নতম মজুরী বোর্ডে "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়। অতঃপর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৯৯.০০৮.১৭.২৩, তারিখ: ২২-০১-২০২৪ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ ঢাকা জেলার কাজী আলাউদ্দিন রোড ও চকবাজার এলাকায় অবস্থিত ৩ টি "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্পের প্রতিষ্ঠান/কারখানা ('ওয়ান স্টার হোটেল এন্ড রেস্টুরেন্ট', 'মিতালী হোটেল এন্ড রেস্টুরেন্ট' ও 'হোটেল আমানিয়া') এবং টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর এলাকায় অবস্থিত ৪টি প্রতিষ্ঠানে/কারখানায় ("গৌর ঘোষ দধি ভান্ডার", 'জয় কালী মিষ্টান্ন ভান্ডার', 'রূপসী বাংলা রেস্তোরাঁ' ও ফুড গার্ডেন রেস্তোরাঁ) উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাব এবং শ্রমিক সংগঠনের পক্ষ হইতে দাখিলকৃত স্মারকলিপি/মজুরি প্রস্তাব ও পরিদর্শন প্রতিবেদনসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প

সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে **খসড়া সুপারিশ** পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "হোটেল এন্ড রেস্টুরেন্ট" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে। আরও শর্ত থাকে যে, যেখানে অর্থের বিনিময়ে অতিথিদের জন্য আবাসন, খাদ্য বা আবাসন ও খাদ্যসহ অন্যান্য সেবার ব্যবস্থা করা হয়, এবং গেস্ট হাউজ, মোটেল, রিসোর্ট, রেস্ট হাউজ, উহা যে নামেই অভিহিত হউক না কেন, ইহার অন্তর্ভুক্ত হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। নিম্ন বর্ণিত তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে, সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্স্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" এ উল্লিখিত কক্ষ সংখ্যা ও সুবিধা এর ভিত্তিতে হোটেলের শ্রেণি বিন্যাস এবং তফসিল "খ" এ উল্লিখিত আসন সংখ্যা ও সুবিধা এর ভিত্তিতে রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস হিসাবে গণ্য হইবে।

৬। তফসিল "গ", তফসিল "ঘ", তফসিল "ঙ", ও তফসিল "চ", এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬" এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১২। এই সুপারিশে উল্লিখিত "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/ কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৮২৬৮.৭৫ (আট হাজার দুইশত আটষট্টি টাকা পঁচাত্তর পয়সা) টাকা হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

**মামুনুর রশিদ**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত
( মো: নাজিম উদ্দিন ভূঁঞা)
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত
(আসিফ আইয়ুব)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
(আনোয়ার হোসাইন)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
( মো: ওসমান গণি)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
(মো: দেলোয়ার হোসেন ( দেলু ))
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**তফসিল “ক”**

**হোটেলের শ্রেণি বিন্যাস**

| হোটেল এর শ্রেণি বিন্যাস | কক্ষ সংখ্যা এবং ন্যূনতম সুবিধা ও সেবা (বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ধারা-১৩ এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ অনুযায়ী |
|---|---|
| ১ (এক) তারকা (*) | অন্যূন কক্ষ সংখ্যা ১০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ২ (দুই) তারকা (**) | অন্যূন কক্ষ সংখ্যা ৩০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৩ (তিন) তারকা (***) | অন্যূন কক্ষ সংখ্যা ৫০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৪ (চার) তারকা (****) | অন্যূন কক্ষ সংখ্যা ৭৫টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |
| ৫ (পাঁচ) তারকা (*****) | অন্যূন কক্ষ সংখ্যা ১০০টি এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-১ উল্লিখিত সুবিধাসমূহ। |

**তফসিল “খ”**

**রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস**

| রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস | আসন সংখ্যা (বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর বিধি-৭ তফসিল-২ (খ) ও (গ) অনুযায়ী) |
|---|---|
| এ- শ্রেণি | ৩০০ এর উর্ধ্বে আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ এ- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| বি-শ্রেণি | ২০১-৩০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ বি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| সি-শ্রেণি | ১০১-২০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ সি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। |
| ডি-শ্রেণি | ১-১০০ আসন সংখ্যা দ্বারা পরিচালিত রেস্তোরাঁ ডি- শ্রেণি এর অন্তর্ভুক্ত হইবে। (বাদ পড়া শ্রেণিকে সংবিধিবদ্ধ করণের নিমিত্ত) |

## তফসিল “গ”

## হোটেলে কর্মরত শ্রমিকেদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:** | ৫ (পাঁচ) তারকা (*****) | ২৬০০০/- | ১৩০০০/- | ১০০০/- | ৮০০/- | ৪০৮০০/- |
| | ১। এক্সিকিউটিভ শেফ (সকল প্রকার) | ৪ (চার) তারকা (****) | ২৪০০০/- | ১২০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৭৮০০/- |
| | ২। সিডিপি (সকল শাখা) | ৩ (তিন) তারকা (***) | ২২০০০/- | ১১০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৮০০/- |
| | ৩। সিনিয়র ওয়েটার | ২ (দুই) তারকা (**) | ২১০০০/- | ১০৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৩৩০০/- |
| | ৪। সিনিয়র অপারেটর (সকল প্রকার) | ১ (এক) তারকা (*) | ২০০০০/- | ১০০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩১৮০০/- |
| ২। | **গ্রেড-২:** | ৫ (পাঁচ) তারকা (*****) | ১৫৯০০/- | ৭৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৫৬৫০/- |
| | ১। শেফ (সকল প্রকার) | ৪ (চার) তারকা (****) | ১৪৭০০/- | ৭৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৮৫০/- |
| | ২। ওয়েটার/ওয়েস্ট্রেস/বার টেন্ডার | ৩ (তিন) তারকা (***) | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | ৩। চীফ স্টুয়ার্ড<br>৪। কমি-১, কমি-২, কমি-৩<br>৫। স্টুয়ার্ড শিফট লিডার<br>৬। এটেনডেন্ট (সকল প্রকার)<br>৭। প্লাম্বার/কার্পেন্টার/ পেইন্টার/মেকানিক্স<br>৮। অপারেটর/ ইলেকট্রিশিয়ান/ টেকনিশিয়ান (সকল প্রকার)<br>৯। লন্ড্রিম্যান/আয়রণম্যান | ১ (এক) তারকা (*) | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩। | **গ্রেড-: ৩** | ৫ (পাঁচ) তারকা (*****) | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৮০০/- |
| | ১। স্টুয়ার্ড | ৪ (চার) তারকা (****) | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | ২। বেলম্যান/ বেল বয় | ৩ (তিন) তারকা (***) | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | ৩। জুনিয়র ওয়েটার | ২ (দুই) তারকা (**) | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | ৪। ডিস ওয়াস বয় | ১ (এক) তারকা (*) | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| | ৫। ডোরম্যান | | | | | | |
| ৪। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/- (নয় হাজার তিনশত ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল "ঘ"

## হোটেলে কর্মরত কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:** | ৫ (পাঁচ) তারকা (*****) | ২১৮০০/- | ১০৯০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৫০০/- |
| | ১। ম্যানেজার (সকল প্রকার, যাহাদের প্রশাসনিক বা ব্যবস্থাপনা সংক্রান্ত কোনো ক্ষমতা নাই) | ৪ (চার) তারকা (****) | ২০৬০০/- | ১০৩০০/- | ১০০০/- | ৮০০/- | ৩২৭০০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ১৯৪০০/- | ৯৭০০/- | ১০০০/- | ৮০০/- | ৩০৯০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১৮২০০/- | ৯১০০/- | ১০০০/- | ৮০০/- | ২৯১০০/- |
| | | ১ (এক) তারকা (*) | ১৭০০০/- | ৮৫০০/- | ১০০০/- | ৮০০/- | ২৭৩০০/- |
| | ২। রিসিপশনিস্ট | | | | | | |
| | ৩। এক্সিকিউটিভ হাউজকিপার | | | | | | |
| | ৪। ইঞ্জিনিয়ারিং কো-অর্ডিনেটর | | | | | | |
| | ৫। চীফ একাউন্ট্যান্ট | | | | | | |
| | ৬। সিনিয়র সিকিউরিটি অফিসার | | | | | | |
| ২। | **গ্রেড-২:** | ৫ (পাঁচ) তারকা (*****) | ১৫৯০০/- | ৭৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৫৬৫০/- |
| | ১। সুপারভাইজার | ৪ (চার) তারকা (****) | ১৪৭০০/- | ৭৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ২৩৮৫০/- |
| | ২। হাউজকিপার/ স্টোর কিপার/বিল কালেক্টর | ৩ (তিন) তারকা (***) | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | ৪। সহকারী ম্যানেজার (সকল প্রকার) | ১ (এক) তারকা (*) | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| | ৫। আইটি অফিসার/ডেস্ক বা ফ্রন্ট অফিসার / মার্কেটিং বা সেলস অফিসার/ পার্চেজিং অফিসার | | | | | | |
| | ৬। থেরাপিস্ট (সকল প্রকার) | | | | | | |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | হোটেলের শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | ৭। সিকিউরিটি অফিসার<br>৮। ইনচার্জ (সকল প্রকার)<br>হিসাবরক্ষক/একাউন্ট্যান্ট<br>৯। ড্রাইভার | | | | | | |
| ৩। | **গ্রেড-৩:**<br>১। সিকিউরিটি গার্ড<br>২। পিয়ন<br>৩। ক্লিনার<br>৪। হেলপার/সহকারী (সকল প্রকার) | ৫ (পাঁচ) তারকা (*****) | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | | ৪ (চার) তারকা (****) | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | | ৩ (তিন) তারকা (***) | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | | ২ (দুই) তারকা (**) | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | | ১ (এক) তারকা (*) | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| ৪। | **শিক্ষানবিশ কর্মচারী:** | (ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/- ( নয় হাজার তিনশত ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিসীকাল ০৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল "ঙ"

## রেস্তোরাঁয় কর্মরত শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:** | এ- শ্রেণি | ২২০০০/- | ১১০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৪৮০০/- |
| | ১। প্রধান বাবুর্চী (দেশি ও বিদেশি খাবার) | বি- শ্রেণি | ২১০০০/- | ১০৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩৩৩০০/- |
| | ২। প্রধান কারিগর (মিষ্টি, প্রেস্ট্রিসহ সকল) | সি-শ্রেণি | ২০০০০/- | ১০০০০/- | ১০০০/- | ৮০০/- | ৩১৮০০/- |
| | ৩। বাবুর্চী (চাইনিজ) | ডি-শ্রেণি | ১৯০০০/- | ৯৫০০/- | ১০০০/- | ৮০০/- | ৩০৩০০/- |
| ২। | **গ্রেড-২:** | এ- শ্রেণি | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | ১। বাবুর্চী/শেফ (সকল প্রকার) | বি- শ্রেণি | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | ২। মিষ্টি কারিগর | সি-শ্রেণি | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| | ৩। নাস্তা কারিগর | ডি-শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | ৪। রুটি কারিগর | | | | | | |
| | ৫। কাবাব কারিগর | | | | | | |
| | ৬। গ্রীল কাবাব কারিগর | | | | | | |
| | ৭। ফালুদা/লাচ্ছি কারিগর | | | | | | |
| | ৮। কারিগর (মিষ্টি) | | | | | | |
| | ৯। কারিগর (রুটি পরোটা) | | | | | | |
| | ১০। দই কারিগর | | | | | | |
| | ১১। চটপটি কারিগর | | | | | | |
| | ১২। সরমা কাবাব | | | | | | |
| | ১৩। চা/কফি/হ্যান্ডি কারিগর | | | | | | |
| | ১৪। পেস্ট্রি শেফ | | | | | | |
| | ১৫। ফ্রাই কুক | | | | | | |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩। | **গ্রেড-৩:** | এ- শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | ১। বাবুর্চী [সহকারী (পুরুষ)] | বি- শ্রেণি | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | ২। বাবুর্চী সহকারী (মহিলা) | সি-শ্রেণি | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | ৩। সহকারী নাস্তা কারিগর | ডি-শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | ৪। সহকারী রুটি কারিগর | | | | | | |
| | ৫। সহকারী কাবাব কারিগর | | | | | | |
| | ৬। সহকারী গ্রীল কাবাব কারিগর | | | | | | |
| | ৭। সহকারী ফালুদা/লাচ্ছি কারিগর | | | | | | |
| | ৮। সহকারী মিষ্টি স্পোশাল কারিগর | | | | | | |
| | ৯। সহকারী কারিগর (মিষ্টি) | | | | | | |
| | ১০। সহকারী দই কারিগর | | | | | | |
| | ১১। সহকারী সরমা কাবাব কারিগর | | | | | | |
| | ১২। সহকারী চা/কফি/হ্যান্ডি কারিগর | | | | | | |
| | ১৩। ওয়েটার | | | | | | |
| | ১৪। মেট (পুরুষ) | | | | | | |
| | ১৫। মেট (মহিলা) | | | | | | |
| ৪। | **গ্রেড-৪:** | এ- শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | ১। পার্সেল বয় | বি- শ্রেণি | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | ২। ডিস ওয়াস বয় | সি-শ্রেণি | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | ৩। গ্লাস বয় | ডি-শ্রেণি | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| | ৪। টেবিল বয় | | | | | | |
| | ৫। ক্লিনার/ঝাড়ুদার | | | | | | |
| | ৬। কারিগর বয় | | | | | | |
| | ৭। সহকারী ওয়েটার | | | | | | |
| | ৮। অন্যান্য সাহায্যকারী | | | | | | |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ ( গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁর শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৫। | **শিক্ষানবিস শ্রমিক:** | শিক্ষানবিসীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>শিক্ষানবিসীকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/- (নয় হাজার তিনশত ) টাকা প্রাপ্ত হইবেন।<br>শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিস শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## তফসিল “চ”

## রেস্তোরাঁয় কর্মরত কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁয় শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১:** | এ- শ্রেণি | ১৩৫০০/- | ৬৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ২২০৫০/- |
| | ১। সিনিয়র হিসাব-সহকারী | বি- শ্রেণি | ১২৩০০/- | ৬১৫০/- | ১০০০/- | ৮০০/- | ২০২৫০/- |
| | ২। সিনিয়র স্টোর কিপার | সি-শ্রেণি | ১১১০০/- | ৫৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৮৪৫০/- |
| | ৩। সিনিয়র টাইপিস্ট/ সিনিয়র কম্পিউটার অপারেটর<br>৪। সিনিয়র ক্লার্ক<br>৫। সিনিয়র ক্যাশিয়ার | ডি-শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| ২। | **গ্রেড-২:** | এ- শ্রেণি | ৯৯০০/- | ৪৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬৬৫০/- |
| | ১। হিসাব সহকারী | বি- শ্রেণি | ৯৫০০/- | ৪৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৬০৫০/- |
| | ২। সহকারী স্টোর কিপার | সি-শ্রেণি | ৯১০০/- | ৪৫৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৪৫০/- |
| | ৩। সহকারী টাইপিস্ট/ সহকারী কম্পিউটার অপারেটর<br>৪। সহকারী ক্লার্ক<br>৫। সহকারী ক্যাশিয়ার<br>৬। টেলিফোন অপারেটর<br>৭। ড্রাইভার | ডি-শ্রেণি | ৮৭০০/- | ৪৩৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৮৫০/- |
| ৩। | **গ্রেড-৩:** | এ- শ্রেণি | ৯৩০০/- | ৪৬৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৫৭৫০/- |
| | ১। দারোয়ান | বি- শ্রেণি | ৮৬০০/- | ৪৩০০/- | ১০০০/- | ৮০০/- | ১৪৭০০/- |
| | ২। চৌকিদার/পিয়ন | সি-শ্রেণি | ৭৯০০/- | ৩৯৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩৬৫০/- |
| | ৩। নাইট গার্ড | ডি-শ্রেণি | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৮০০/- | ১৩০৫০/- |
| | ৪। সুইপার<br>৫। মালী<br>৬। গাড়ী চালক হেলপার | | | | | | |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | রেস্তোরাঁয় শ্রেণি বিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৪। | **শিক্ষানবিস কর্মচারী:** | (ক) শিক্ষানবিসীকালে শিক্ষানবিস কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৯৩০০/- ( নয় হাজার তিনশত ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিসীকালে ০৬ (ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিসীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিস কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd